

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ এপ্রিল ২০২৩।

### চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাবেক সদস্য বীর মুক্তিযোদ্ধা ওসমান গণি খানের মৃত্যুতে চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী'র শোক

চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাবেক সদস্য ষাটের দশকের প্রথ্যাত ছাত্রনেতা বীর মুক্তিযোদ্ধা ওসমান গণি খানের মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক শোক বার্তায় তিনি বলেন, চট্টগ্রামের মাটিতে বঙ্গবন্ধুর আদর্শ প্রতিষ্ঠায় ওসমান গণি খানের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। তিনি ষাটের দশকের প্রথ্যাত ছাত্রনেতা ছিলেন। সেসময়ের ছাত্রদের মধ্যে প্রগতিশীল ও অসাম্প্রদায়িক চেতনার মুখ্য সংগঠকদের একজন ছিলেন তিনি। পঁচাত্তরের পনেরই আগস্ট পরবর্তী কঠিন সময়ে তিনি চট্টগ্রামে আওয়ামী লীগকে সুসংগঠিত করেন। চট্টগ্রামের মানুষের সুখ-দুঃখে তিনি সবসময় পাশে ছিলেন। দলের চরম দুর্দিনে কর্মীদের তিনি আগলে রেখেছিলেন পরম মমতায়। তিনি দেশ ও জনগণের কল্যাণে আজীবন কাজ করে গেছেন। তাঁর মৃত্যুতে রাজনৈতিক অঙ্গে যে শুণ্যতার সৃষ্টি হয়েছে তা পুরণ হবার নয়। এ বর্ষিয়ান রাজনীতিবিদের মৃত্যুতে দেশ ও জাতির অপূরণীয় ক্ষতি হলো। তবে, প্রজন্ম থেকে থেকে প্রজন্মে একজন আদর্শিক নেতা হিসেবে কর্মীদের অনুপ্রেরণার উৎস হয়ে তিনি বেঁচে থাকবেন। তার কর্ম এবং সাংগঠনিক কৌশল আমাদের জন্য অনুসরণীয় হয়ে থাকবে।

মেয়র তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

### আকবরশাহতে পাহাড়ধ্বসের পুনরুদ্ধার তদারকি করছেন চসিক মেয়র

আকবরশাহতে পাহাড়ধ্বসের ঘটনাস্থলে উদ্বার কার্যালয়ে তদারকি করছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার (৭ এপ্রিল) পৌনে ছাতায় পাহাড়ধ্বসের সংবাদ পেয়েই ঘটনাস্থলে ছুটে যান মেয়র, তদারকি করেন হতাহতদের উদ্বার কার্যক্রম। এসময় উদ্বার কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে ক্ষয়ক্ষতি হ্রাসে তড়িত পদক্ষেপ গ্রহণ করেত বলেন মেয়র।

মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষে কার্টুনিলর মোঃ জহুরুল আলম জসিম, জহর লাল হাজারী, ফায়ার সার্ভিস, আকবরশাহ থানা পুলিশসহ সংশ্লিষ্ট সকলকে উদ্বার কাজ সমন্বয়ে দিক-নির্দেশনা দেন।

মেয়র এসময় বলেন, দুঃখজনক এ ঘটনায় ক্ষতিগ্রস্তদের জন্য আমার সমবেদনা রইল। হতাহতদের উদ্বার কার্যক্রমে সর্বোচ্চ ব্যবস্থা নিতে হবো আমি সব সেবা সংস্থার দায়িত্বশীল ও জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগ করছি যাতে এ ঘটনায় হতাহতদের চিকিৎসা সেবাসহ অন্য কোন সেবায় যাতে কোন ঘাটতি না হয়। দ্বিতীয়ে সংগঠনগুলোর সাথে সমন্বিতভাবে কাজ করার মাধ্যমে এই দুর্ঘটনার ক্ষয়ক্ষতি যতটা সম্ভব কমিয়ে আনব।

এসময় উৎসুক জনতাকে ঘটনাস্থলে ভিড় না জমানোর অনুরোধ জানিয়ে মেয়র বলেন, উদ্বার কার্যক্রমকে সফল করতে আমি সাধারণ জনগণের সহযোগিতা কামনা করছি। বিএম ডিপোর ঘটনায় অযথা ভিড় জমানোর কারণে হতাহতের পরিমাণ বেশি ছিল। এ কারণে অতীত অভিজ্ঞতার আলোকে সাধারণ জনতাকে অনুরোধ করছি আপনারা অপ্রয়োজনে ঘটনাস্থলে ভিড় করবেন না। দায়িত্বশীলরা কাজ করছে তাদের কে সহযোগিতা করুন এবং হতাহতদের জন্য প্রার্থনা করুন।

উল্লেখ্য, শুক্রবার বিকেলে আকবার শাহ থানার বেলতলি ঘোনা এলাকায় শাহ হাউজিংয়ের কাছে এই ঘটনা ঘটে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮